অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/15/2018 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

যেহেতু বিশাল তুষারঝড় নিউ ইয়র্কের দিকে ঘনিয়ে আসছে গভর্নর কুওমো আন্তরিকভাবে সতর্কীকরণ জারি করছেন

আপস্টেট নিউ ইয়র্কের বেশিরভাগ অংশের জন্য চার থেকে আট ইঞ্চি বরফের পূর্বাভাস

বৃহস্পতিবার সন্ধ্যা ও শুক্রবার সকালের দৈনন্দিন অফিস যাতায়াতের সময় কষ্টকর ড্রাইভিং পরিস্থিতি তৈরি করতে তুষারময় ও অতি ঠান্ডা অবস্থা

গভর্নর অ্যান্ড্রু কুওমো আজ নিউ ইয়র্কবাসীদের বৃহস্পতিবার থেকে শুরু করে শুক্রবার বিকালবেলায় শেষ হওয়া, সমগ্র স্টেট জুড়ে চলা ঠান্ডা এবং তীব্র আবহাওয়ার জন্য প্রস্তুতি নিতে আহ্বান জানিয়েছেন। ইস্ট কোস্ট ধরে এগোনো ঝড়ের ক্রমটি চার থেকে আট ইঞ্চির স্তূপাকার পুঞ্জীভবন আনতে পারে, সাদার্ন অ্যাডিরনড্যাক্সে যার পরিমাণ আরও বেশি হতে পারে। এছাড়াও নিউ ইয়র্কবাসীদের বৃহস্পতিবার সন্ধ্যা ও শুক্রবার সকালের দৈনন্দিন অফিস যাতায়াতের সময় কর্দমাক্ত ও বরফাবৃত পরিস্থিতির প্রত্যাশা করা উচিৎ। ড্রাইভারদের অত্যন্ত সতর্কতার সাথে যাতায়াত করতে নির্দেশ দেওয়া হচ্ছে যেহেত ঝড়ের ক্রমটি রাস্তার অবস্থাকে চলাচলের জন্য কষ্টসাধ্য করে তুলতে পারে।

"যথাসময়ের পূর্বের শীতের আবহাওয়া এই সপ্তাহে সমগ্র স্টেট জুড়ে চলছে এবং আমি নিউ ইয়র্কবাসীদের প্রস্তুত থাকতে আর হ্রাসপ্রাপ্ত দৃষ্টিগোচরতা ও সম্ভাব্য কালো বরফের কারণে গাড়ী চালানোর সময় সতর্কতা অবলম্বন করতে আন্তরিকভাবে আবেদন করছি," **বলেন গভর্নর কুওমো।** "আমরা এই আবহাওয়া ক্রমটির প্রতি লক্ষ্য রাখছি এবং প্রয়োজন অনুযায়ী আমাদের স্থানীয় অংশীদারদের সহায়তা করতে প্রস্তুত আছি।"

বৃহস্পতিবার বিকালের শুরু থেকে, নিউ ইয়র্ক সিটির সব কাউন্টি হয় একটি শীতকালীন আবহাওয়া পর্যবেক্ষণ নয়তো সতর্কীকরণের অধীনে থাকবে। ওয়েস্টার্ন নিউ ইয়র্ক, ফিঙ্গার লেক, সেন্ট্রাল নিউ ইয়র্ক, সাদার্ন টিয়ার, মোহক ভ্যালি এবং ক্যাপিটাল রিজিওনের বেশিরভাগ অঞ্চলে চার থেকে আট ইঞ্চির তুষারপাত প্রত্যাশিত। নর্থ কান্ট্রি ও মিড-হাডসন অঞ্চলে, ছয় থেকে নয় ইঞ্চির উচ্চতর উর্ধ্বতার সম্ভাবনার সাথে দুই থেকে পাঁচ ইঞ্চির বরফ প্রত্যাশিত। এছাড়াও পূর্বাভাসে, নিউ ইয়র্ক সিটি ও লং আইল্যান্ড অঞ্চলে এক থেকে দুই ইঞ্চির বরফের সাথে সাথে খানিক শিলাবৃষ্টি ও বৃষ্টির কথাও বলা হয়েছে। পরিশেষে, ক্যুইন্স, নাসাউ ও সাফোক কাউন্টির সাউথ শোর বে এর জন্য শুক্রবার রাত 1টা থেকে ভোর 5টার মধ্যে

আবহাওয়া পর্যবেক্ষণ, সতর্কীকরণ, উপদেশক এবং সর্বশেষ পূর্বাভাসের একটি সম্পূর্ণ তালিকার জন্য, ভিজিট করুন ন্যাশনাল ওয়েদার সার্ভিস (National Weather Service) ওয়েবসাইট।

নিরাপদ যাত্রা

নিরাপদ ড্রাইভিং এর কিছু সবচেয়ে গুরুত্বপূর্ণ পরামর্শগুলির অন্তর্ভুক্ত হল:

- যখন শীতকালীন ঝড় আছড়ে পড়বে, তখন প্রয়োজন না হলে ড্রাইভ করবেন না।
- সেতুগুলোয় সাবধানতা অবলম্বন করুন যেহেতু বরফ সেখানে রাস্তার চেয়ে দ্রুত জমাট বাঁধে।
- ভেজা পাতাগুলো রাস্তা পিচ্ছিল করতে পারে, তাই যখনই সামনে তাদের একটা প্রলেপ আসবে, তখন আরো ধীর গতিতে গাড়ী চালানোটা গুরুত্বপূর্ণ।
- আপনাকে আবশ্যিকভাবে ভ্রমণ করতে হলে, এটা নিশ্চিত করুন যে আপনার গাড়ী কম্বল, একটা বেলচা, ফ্ল্যাশলাইট ও অতিরিক্ত ব্যাটারি, অতিরিক্ত গরম কাপড়, টায়ার চেনের একটা জোড়া, ব্যাটারি বুস্টার তার, সহজ শক্তি প্রদানকারী খাবার এবং ডিসট্রেস ফ্ল্যাগ হিসেবে ব্যবহার করতে উজ্জ্বল রঙের কাপড়ের মতো টিকে থাকার সরঞ্জামাদিতে পরিপূর্ণ থাকে।
- প্লাবিত রাস্তার উপর দিয়ে গাড়ী চালাবেন না; ঘুরে গিয়ে অন্যদিক দিয়ে যান। দুই এম.পি.এইচ. এ বয়ে চলে জল একটা রাস্তা বা সেতু থেকে গাড়ী ভাসিয়ে নিয়ে যেতে পারে।
- যেসব জায়গায় নদী বা জলপ্রবাহ হঠাৎ বৃদ্ধি পেয়ে বন্যা আনতে পারে, যেমন হাইওয়ের গর্ত, সেতু ও নীচু এলাকা, সেখানে লক্ষ্য রাখুন।
- যদি আপনি আপনার গাড়ীর ভিতরে থাকেন আর আপনার চারপাশে জল দ্রুতবেগে বাড়তে থাকে, তাহলে অবিলম্বে গাড়ী ছেড়ে চলে যান।

উপরন্তু, শীতকালীন ঝড়ের সময়ে সবচেয়ে বেশি মৃত্যু ও আঘাতের কারণ হল পরিবহন দুর্ঘটনা। ড্রাইভিং চাকার পেছনে বসার আগে, আপনার গাড়ী যাতে বরফ ও তুষারমুক্ত থাকে তা নিশ্চিত করুন; ভালো দৃষ্টিশক্তি ভালো ড্রাইভিং এর চাবিকাঠি। আপনি পরিকল্পনা মতো থামুন এবং গাড়ীগুলির মধ্যে দূরত্ব বজায় রাখুন, অতিরিক্ত সতর্ক থাকুন, ও মনে রাখুন, বাতাস তাড়িত তুষারপুঞ্জ ছোট ছোট শিশুদের আড়াল করে দিতে পারে। অধিকন্তু, সবসময় রাস্তা ও আবহাওয়ার পরিস্থিতির সাথে আপনার গতি মেলান।

সব রাস্তার মোটরচালকদের জন্য এটা গুরুত্বপূর্ণ যে স্নোপ্লাও 35 এম.পি.এইচ পর্যন্ত গতিবেগে চলে যা অনেক ক্ষেত্রেই লিখিত গতি সীমার থেকে কম, এটা সুনিশ্চিত করতে যে ছড়ানো লবণ ড্রাইভিং লেনে থাকে ও রাস্তায় ছড়িয়ে না থাকে। বারংবার ইন্টারস্টেট হাইওয়েতে, স্নোপ্লোও পাশেপাশে কাজ করে, যেহেতু অনেকগুলো লেন একসাথে পরিচ্ছন্ন করার এটা সবচেয়ে কর্মক্ষম ও নিরাপদ উপায়।

এছাড়াও মোটরচাক ও পথচারীদের এটা মাথায় রাখা উচিৎ যে স্নোপ্লও ড্রাইভারদের সীমিত দৃষ্টিসীমা থাকে, এবং স্নোপ্লোও এর আকার ও ওজন কৌশলে ও দ্রুত থামানো কষ্টকর করে তোলে। প্লোও এর পেছন থেকে বরফ ওড়ানো অত্যাধিক ভাবে দৃষ্টিশক্তি হ্রাস করতে বা হোয়াইটআউট অবস্থার কারণ ঘটাতে পারে। মোটরচালকদের স্নোপ্লোও কে পার করে যাওয়ার চেষ্টা বা খুব পেছনে যাওয়া উচিৎ নয়। মোটরচালকদের জন্য সবচেয়ে নিরাপদ জায়গা হল স্নোপ্লোও এর বেশ পেছনে যেখানে রাস্তা পরিষ্কার ও লবনাক্ত।

এজেন্সির প্রস্তুতি

স্টেট ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশন (Department of Transportation) স্নো ব্লোয়ার, ক্ষুদ্রতর প্লাও ট্রাক, লোডার ও গ্রেডার সহ প্রায় 1,500 বড় ডাম্প ট্রাক, 175টির বেশি মাঝারি ডিউটি প্লাও এবং আরো শতশত অন্যান্য সরঞ্জামাদির সাথে ঝড়ের উত্তর দেয়। এই সরঞ্জাম, ও তার সাথে সাথে 3,500ও বেশি কার্যকর্তা ও সুপারভাইজার, রাস্তা সুরক্ষিত রাখতে সাহায্য করতে শীতকালীন ঝড়ের অগ্রগতিতে সমগ্র স্টেট জুড়ে নিয়োগ করা হয়েছে।

মোটরচালকদের যাত্রার পূর্বে 511NY এখানে দেখতে www.511NY.org বা মোবাইল অ্যাপ ডাউনলোড করতে মনে করানো হচ্ছে। বিনামূল্যের পরিষেবা ব্যবহারকারীদের রাস্তার অবস্থা দেখতে অনুমোদিত করে এবং রিয়েল-টাইম যাত্রার রিপোর্ট ও কোন কোন স্টেট রাস্তা পরিষ্কার, ভেজা বা বরফে ঢাকা সেটা ইঙ্গিতকারী একটা কালার-কোডেড ম্যাপের সাথে একটি শীতের যাত্রার সতর্কীকরণ পদ্ধতি প্রদর্শন করে। পদ্ধতিটি মোটরচালকদের যাত্রা করা আদৌ সমীচীন কিনা তা নির্ধারণ করতে একটা উপকারী সংস্থান প্রদান করে।

থ্রুওয়ে অথোরিটির (Thruway Authority) 632 জন সুপারভাইজার ও কার্যকর্তা আছে যারা 240টি বড় স্নোপ্লোও, 123টি মাঝারি স্নোপ্লোও, 10টি টো প্লোও এবং 53টি লোডার 124,000 টনেরও বেশি রাস্তার লবণের সাথে সমগ্র স্টেট জুড়ে নিয়োগ করতে প্রস্তুত। বৈচিত্রময় ম্যাসেজ চিহ্ন (Variable Message Signs), হাইওয়ে সতর্কতা রেডিও (Highway Advisory Radio) এবং সোশ্যাল মিডিয়া থ্রওয়েতে শীতের আবহাওয়া অবস্থার ব্যাপারে মোটরচালকদের সতর্ক করতে ব্যবহার করা হয়। এছাড়াও থ্রুওয়ে অথোরিটি মোটরচালকদের তার মোবাইল অ্যাপ ডাউনলোড করতে যা iPhone ও Android ডিভাইসে বিনামূল্যে উপলব্ধ, তা করতে উত্সাি‌ত করে। অ্যাপটি মোটরচালকদের রিয়েল-টাইম ট্রাফিক এবং নেভিগেশন সহায়তার সরাসরি অভিগম্যতা প্রদান করে। এছাড়াও মোটরচালকরা TRANSalert ইমেইলের জন্য সাইন আপ করতে পারে যা সমগ্র থ্রুওয়ে জুড়ে সর্বশেষ ট্রাফিক পরিস্থিতি প্রদান করে এখানে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক রাজ্য | এগজিকিউটিভ চেম্বার (Executive Chamber) |press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন